গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়-
রাঙ্গামাটি
প্রশাসন ও সেবা শাখা
www.chtrc.gov.bd

স্মারক নম্বর: ২৯.৩২.৮৪০০.১০৪.১৬.০০২.১৯.৪৯ তারিখ: ২৭ আশ্বিন ১৪২৮
১২ অক্টোবর ২০২১

বিষয়: **তথ্য অধিকার আইন, ২০০৯-এর ৬ (৩) ধারা মোতাবেক পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রেরণ প্রসংগে।**

সূত্র: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২১-২২এর সূচক নং ১.৩ .১ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর তথ্য অধিকার কর্মপরিকল্পনা অংশের সূচক নং ১.৩.১ মোতাবেক তথ্য অধিকার আইন, ২০০৯-এর ৬ (৩) ধারা অনুসরণে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত : ০৩(তিন) পাতা।

১২-১০-২০২১
নির্মল কান্তি চাকমা
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ফোন: ০৩৫১-৬৩১২০
ফ্যাক্স: ০৩৫১-৬৩২৭৮
ইমেইল: chtrc@yahoo.com

সচিব
সচিবের দপ্তর
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
প্রধান কার্যালয়-রাংগামাটি।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর তথ্য অধিকার কর্মপরিকল্পনা অংশের সূচক নং ১.৩ মোতাবেক তথ্য অধিকার আইন, ২০০৯-এর ৬ (৩) ধারা অনুসরণে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন।

ভূমিকাঃ

পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ২৭ মে, ১৯৯৯ইং তারিখে প্রতিষ্ঠা লাভ করে। বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থাপনায় প্রতিটি জেলা এবং উপজেলায় অবস্থিত ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ এবং জেলা পরিষদ সহ অন্যান্য জনপ্রতিনিধিত্বকারী স্থানীয় সরকার প্রতিষ্ঠান হতে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ এর আইন, কার্যক্রম এবং অধিক্ষেত্র প্রথক হওয়ায় এ প্রতিষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনা ও কার্যক্রম সকল শ্রেণীর নাগরিকের নিকট উপস্থাপন করা প্রয়োজন। এ প্রেক্ষিতে তথ্য অধিকার আইন-২০০৯ এর নির্দেশনা বাস্তবায়নে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কর্তৃক 'তথ্য সহায়িকা' ২০১৬ সালে প্রকাশ করা হয়েছে।

পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের সাংগঠনিক কাঠামোঃ

চেয়ারম্যান পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের প্রধান। ২১ জন সদস্য নিয়ে এ পরিষদ গঠিত। পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আইন অনুযায়ী সরকারের যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা এ পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা হতে পারেন। এছাড়া উপসচিব পদমর্যাদার ০২ জন নির্বাহী কর্মকর্তা, ০৪ জন সহকারী নির্বাহী কর্মকর্তা, ০১ জন একান্ত সচিব, ০১ জন সহকারী একান্ত সচিব, ০১ জন জনসংযোগ কর্মকর্তা, ০১ জন পরিকল্পনা কর্মকর্তা, ০১ জন হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা মোট ১২ জন ৫ম-৯ম গ্রেডের কর্মকর্তাসহ ১৩-২০ গ্রেডের ৫৭টি পদসহ মোট ৬৯টি পদের কর্মকর্তা কর্মচারীর সমন্বয়ে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের সাংগঠনিক কাঠামো গঠিত। বর্তমানে ০১ জন যুগ্মসচিব পদমর্যাদার মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্মকর্তা, ০১ জন উপসচিব পদমর্যাদার নির্বাহী কর্মকর্তা, ০১ জন হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, ০১ জন মাননীয় চেয়ানম্যানের সহকারী একান্ত সচিব এবং ১৩-২০ গ্রেডের ৪৫ জন কর্মচারীসহ সর্বমোট ৪৯ জন কমরত আছেন।

পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের কার্যাবলীঃ

পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১২নং আইন) এর ২৪ ধারা অনুসারে এ পরিষদের কার্যাবলী পরিষদ কর্তৃক গ্রহীত সিদ্ধান্ত অনুসারে অথবা চেয়ারম্যান, সদস্য এবং বিধিবদ্ধভাবে নির্ধারিত ক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হবে। পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আইন-১৯৯৮ এর ১২নং আইন এর ২২ ধারায় বর্ণিত কার্যাবলী সম্পাদন করে, যথাঃ

নিখিল কান্তি চাকমা
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
প্রধান কার্যালয়, রাঙ্গামাটি।

"(ক) পার্বত্য জেলা পরিষদের অধীনে পরিচালিত সকল উন্নয়ন কর্মকান্ডসহ উহাদের আওতাধীন এবং উহাদের উপর অর্পিত বিষয়াদি সার্বিক তত্ত্বাবধান ও সমন্বয়;

(খ) পৌরসভাসহ স্থানীয় পরষদসমূহ তত্ত্বাবধান ও সমন্বয় সাধন;

(গ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর কার্যাবলীর সার্বিক তত্ত্বাবধান;

(ঘ) পার্বত্য জেলার সাধারন প্রশাসন, আইন শৃঙ্খলা ও উন্নয়নের তত্ত্বাবধান ও সমন্বয় সাধন;

(ঙ) উপজাতীয় রীতিনীতি, প্রথা ইত্যাদি এবং সামাজিক বিচার সমন্বয় ও তত্ত্বাবধান;

(চ) জাতীয় শিল্পনীতির সহিত সংগতি রাখিয়া পার্বত্য জেলাসমূহে ভারী শিল্প স্থাপনের লাইসেন্স প্রদান;

(ছ) দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান কার্যক্রম পরিচালনা এবং এনজিও কার্যাবলীর সমন্বয় সাধন;

বর্ণিত কার্যাবলীসমূহ সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদে নিম্নবর্ণিত চারটি শাখা রয়েছে।

* **প্রশাসন ও সেবা শাখা:** প্রশাসনিক যাবতীয় কার্যাবলীসহ পরিষদের কর্মকর্তা, কর্মচারী, সদস্যদের নিয়োগ, পদোন্নতি, বদলী, ছুটি এ শাখার মাধ্যমে সম্পাদিত হয়।

* **অর্থ শাখা:** অর্থ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের সম্মানী, কর্মকর্তা, কর্মচারীদের বেতন, ভাতা, বাজেট, যাবতীয় বিদ্যুৎ বিল, পানি বিল, জ্বালানী বিল, বিজ্ঞাপন বিল ইত্যাদি কার্যাবলী এ শাখার মাধ্যমে সম্পাদিত হয়।

* **উন্নয়ন শাখা:** উন্নয়ন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, স্থানীয়, জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ের এনজিও সংক্রান্ত কার্যাবলী ও শাখার মাধ্যমে সম্পাদিত হয়।

* **আইন ও ভূমি শাখা:** আইন ও ভূমি সংক্রান্ত যাবতীয় কার্যাবলীসহ প্রবিধানমালা প্রণয়ণ, আইনের সংশোধনী প্রস্তাব প্রেরণ, ভূমি সংক্রান্ত আবেদনসমূহ নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত কার্যাবলী এ শাখার মাধ্যমে সম্পাদিত হয়।

পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের www.chtrc.gov.bd ঠিকানাসম্বলিত ওয়েব সাইটে সকল তথ্য সন্নিবেশ করা হয়েছে। পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের chtrc@yahoo.com ঠিকানা সম্বলিত ই-মেইলের মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সাথে তথ্য আদান প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদে rcofficersgroup@gmail.com ঠিকানা সম্বলিত একটি গ্রুপ মেইল খোলা হয়েছে। তথ্য অধিকার আইনের আওতায় বিগত ০৬/০৪/২০১৬ খ্রি: তারিখে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ হতে তথ্য সহায়িকা প্রণয়ণ করা হয়েছে এবং পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক

নির্মল কান্তি চাকমা
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
প্রধান কার্যালয়, রাঙ্গামাটি।

পরিষদের ওয়েবসাইটে তা প্রকাশ করা হয়েছে। এছাড়া পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের ওয়েবসাইটে কর্মকর্তা কর্মচারীদের নাম, পদবী, মোবাইল নম্বর, বার্ষিক প্রতিবেদন, ক্রয় পরিকল্পনা, স্থাবর, অস্থাবর সম্পত্তির তালিকা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ইনোভেশন টিম, ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম, জাতীয় শুদ্ধাচার কৌশল, নৈতিকতা কমিটি, সিটিজেন চার্টার, দুদক হটলাইন লিংক স্থাপন ইত্যাদি, পার্বত্য চট্টগ্রাম সম্পর্কিত বিবিধ আইন, তথ্য অধিকার আইন, তথ্য কর্মকর্তা, তথ্য সুরক্ষা বিধিমালা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ইত্যাদি বিবিধ বিষয় সন্নিবেশ করা হয়েছে।

দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা নিয়োগঃ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ১০ মোতাবেক পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়েছে।

দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা

কর্মকর্তা নাম	: সুবর্না চাকমা
পদবী	: নির্বাহী কর্মকর্তা
ফোন নম্বর	: ০৩৫১-৬১২২৪
ই-মেইল	: chtrc@yahoo.com

ঠিকানাঃ পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়, নিউকোর্ট রোড, রাঙ্গামাটি।

২০২০-২০২১ অর্থবছরে এ পরিষদে তথ্য প্রাপ্তির জন্য কোন আবেদন দাখিল করা হয়নি।

নির্মল কান্তি চাকমা
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
প্রধান কার্যালয়, রাঙ্গামাটি।

===